

💵 সহীহ ফিক্বহুস সুনাহ

বিভাগ/অধ্যায়ঃ ওয়

রচয়িতা/সঙ্কলকঃ আবু মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

সালাতের জন্যই শুধু ওয় ওয়াজিব, অন্য কিছুর জন্য ওয়াজিব নয়

সালাতের জন্যই শুধু ওয় ওয়াজিব, অন্য কিছুর জন্য ওয়াজিব নয়:

যে ব্যক্তি অপবিত্র (ওয়ূ বিহীন) রয়েছে এবং সালাত আদায়ের ইচ্ছা করে তার জন্য ওয়ূ করা ওয়াজিব। চায় তা ফর্য সালাত হোক বা নফল সালাত হোক কিংবা জানাযার সালাত হোক । মহান আল্লাহ্ বলেন:

﴿ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا ﴾

হে মুমিনগণ, যখন তোমরা সালাতে দগুয়মান হতে চাও, তখন তোমরা ধৌত কর। (সূরা মায়েদা-৬)

ताजृल (إللهُ عُنْدِ طُهُور अलन: پَغَيْرِ طُهُور» «لَا تُقْبَلُ صَلَاةٌ بِغَيْرِ طُهُور»

অর্থাৎ: পবিত্রতা ব্যতীত সালাত গৃহীত হবে না।[1]

সালাত ব্যতীত অন্যক্ষেত্রে ওয়ূ ওয়াজীব নয়। অপবিত্র ব্যক্তির উপর সালাত ব্যতীত অন্য কিছু হারাম নয়।

ফুটনোট

[1] সহীহ; মুসলিম (২২৪) প্রভৃতি।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3173

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন